গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
আইসিটি সেল

অক্টোবর / ২০২০ মাসের ইনোভেশন টীমের সভা ও নলেজ শেয়ারিং প্রোগ্রামের কার্যবিবরণী

সভাপতি	মোঃ তৌফিকুল আরিফ অতিরিক্ত সচিব
সভার তারিখ	২৮/১০/২০২০ খ্রি.
সভার সময়	দুপুর ০২.৩০ ঘটিকা
স্থান	সম্মেলন কক্ষ, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
উপস্থিতি	পরিশিষ্ট “ক”

সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন, করোনা পরিস্থিথির কারণে বিগত কয়েক মাসে সকলে একত্রে সম্মিলিত হয়ে সভা করা সম্ভব হয়নি। তিনি আরও উল্লেখ করেন যে, আমরা যথাযথভাবে স্বাস্থ্যবিধি অনুসরণ করে আজকের সভা শুরু করছি। তিনি সভাকে জানান যে, করোনা প্রাদুর্ভাবের কারণে অনেক কার্যক্রম দ্রুত করা সম্ভব হয়নি, তবে স্বাস্থ্য বিধি অনুসরণ করে সকলে আন্তরিকতার সহিত বাকী কার্যক্রম সম্পন্ন করবেন। সভাপতি মহোদয় মন্ত্রণালয়ের সিস্টেম এনালিস্ট ও ইনোভেশন অফিসারকে সভার কার্যপত্রানুযায়ী উপস্থাপনের অনুরোধ জানান। মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থার উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২০-২০২১ অনুযায়ী অগ্রগতি উপস্থাপনের লক্ষ্যে প্রথমে মৎস্য অধিদপ্তরের প্রতিনিধিকে তাঁর অধিদপ্তরের অগ্রগতি উপস্থাপনের অনুরোধ জানানো হয়।

উদ্ভাবনী কার্যক্রমের অগ্রগতি সংক্রান্ত আলোচনাঃ

প্রথমে, মৎস্য অধিদপ্তরের প্রতিনিধি তাঁদের উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২০-২০২১-এর অগ্রগতি উপস্থাপন করেন। পরবর্তীতে মন্ত্রণালয়ের ইনোভেশন অফিসার জনাব সুব্রত ভৌমিক, উপসচিব (প্রশাসন-৩), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় বলেন, মৎস্য অধিদপ্তরের ইনোভেশন টীমের কি কি সিদ্ধান্ত বাস্তবায়ন করা হয়েছে। মৎস্য অধিদপ্তরের প্রতিনিধি জানান যে, তাঁরা নাগরিক সেবা অল্প খরচে, অল্প সময়ে প্রদান সিদ্ধান্তের প্রেক্ষিতে ইউটিউবে একটি চ্যানেল করা হয়েছে এবং যেখানে উল্লেখযোগ্য সেবা ও মৎস্য চাষ সম্পর্কে অনেক ভিডিও আপলোড করা হয়েছে এবং উক্ত চ্যানেল সপ্তাহে একবার লাইভ করা হয় এবং সকলের প্রশ্নের উত্তর প্রদান করা হয়। এভাবে, অন্যান্য সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত তথ্য সকলকে অবহিত করা হয়। এছাড়া, মন্ত্রণালয়ের ইনোভেশন অফিসার হাফছা বেগম, উপ সচিব (মৎস্য-১), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় সকলকে জানান যে, সম্পাদিত ইনোভেশন কার্যক্রমের সকল তথ্য যথাযথভাবে যথাসময়ে ওয়েবসাইটে আপলোড করার পরামর্শ প্রদান করেন।

প্রাণিসম্পদ অধিদপ্তরের উদ্ভাবনী কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করা হচ্ছে, তবে এখন পর্যন্ত প্রাণিসম্পদ অধিদপ্তরের কোন বাজেট বরাদ্দ দেওয়া হয়নি মর্মে প্রাণিসম্পদ অধিদপ্তরের ইনোভেশন টীমের সদস্য জানান। আলোচনায় অংশ নিয়ে মন্ত্রণালয়ের ইনোভেশন অফিসার জনাব সুব্রত ভৌমিক, উপসচিব (প্রশাসন-৩), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় বলেন যে, প্রাণিসম্পদ অধিদপ্তরের ইনোভেশন সংক্রান্ত প্রশিক্ষণের অগ্রগতি সন্তোষজনক নয়। মন্ত্রণালয়ের চীফ ইনোভেশন অফিসার উল্লেখ করেন যে, প্রাণিসম্পদ অধিদপ্তরের যে সকল উদ্ভাবনী প্রকল্প রেপ্লিকেশন করা হচ্ছে তার একটা তালিকা যেন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয় এবং চলমান ভাল ভাল উদ্ভাবনী প্রকল্পে যথাযথভাবে বাজেট বরাদ্দ ও মনিটর করতে হবে। এছাড়া, তিনি প্রাণিসম্পদ অধিদপ্তরের এসএমএস সার্ভিস-এর বাংলা ভার্সন নিয়ে উদ্ভুদ্ধ সমস্যা নিরসনের জন্য তাগিদ প্রদান করেন।

পরবর্তীতে অন্যান্য দপ্তর / সংস্থা তাঁদের উদ্ভাবনী কার্যক্রমের অগ্রগতি সভায় উপস্থাপন করেন। মন্ত্রণালয়ের চীফ ইনোভেশন অফিসার মহোদয় বিএফডিসি-কে বলেন যে, তাঁদের সকল কেন্দ্রসমূহ কেন্দ্রীয়ভাবে কিভাবে মনিটরিং করা যায় সে বিষয়ে বিশেষ উদ্যোগ নেওয়া প্রয়োজন। বিএফআরআই-এর “কাপ্তাই লেকইনফো ইন বিএফআরআই” এপ্সের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার জন্য আগামী সভায় উপস্থাপনের জন্য জানানো হয়। এছাড়া, বিএফআরআই-এর প্রতিনিধি জানান যে, “ই-কার্প ব্রিডিং” নামক একটি উদ্ভাবনীর কার্যক্রম চলমান রয়েছে। পরিশেষে, বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল-এর ইনোভেশন অফিসার তাঁদের উদ্ভাবনী কার্যক্রমের অগ্রগতি সভায় উপস্থাপন করেন এবং সভায় জানান যে, তাদের অগ্রগতি যথাযথভাবে উদ্ভাবনী কর্মপরিকল্পনা মোতাবেক সম্পন্ন করা হচ্ছে।

দপ্তর/সংস্থাভিত্তিক প্রাপ্ত উদ্ভাবনী উদ্যোগের যাচাই-বাছাই কার্যক্রমের অগ্রগতি সংক্রান্ত আলোচনাঃ

মন্ত্রণালয়ের আওতাধীন নিম্নোক্ত দপ্তর/সংস্থা হতে প্রাপ্ত উদ্ভাবনী উদ্যোগের যাচাই-বাছাই করা হয়ঃ

১। মৎস্য অধিদপ্তর
২। প্রাণিসম্পদ অধিদপ্তর
৩। বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট
৪। বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
৫। বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন
৬। মেরিন ফিসারিজ একাডেমি
৭। বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল
৮। মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর

দপ্তর/সংস্থা হতে যাচাই-বাছায়ের জন্য প্রাপ্ত বিভিন্ন পর্যায়ের উদ্ভাবনী উদ্যোগসমূহের সামারি

ক্রমিক	দপ্তর / সংস্থা	আইডিয়া পর্যায়	পাইলটিং পর্যায়ে	রেপ্লিকেটিং পর্যায়ে	রেপ্লিকেশন শেষ / স্কেলিং-আপ
১	মৎস্য অধিদপ্তর	৪১	১২	১	১
২	বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট	৭	১	-	-
৩	বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন	৩	১	১	১

৪	মেরিন ফিশারিজ একাডেমি	১	-	-	-
৫	প্রাণিসম্পদ অধিদপ্তর	৩	১	৩	১
৬	বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট	৮	-	১	-
৭	বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল	১	১	১	-
৮	মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর	২	-	-	-
মোট		৬৬	১৬	৬	৩

নলেজ শেয়ারিং প্রোগ্রামঃ

সভাপতি মহোদয়ের নির্দেশক্রমে মৎস্য অধিদপ্তরের উদ্ভাবক জনাব মোঃ সামছু উদ্দিন, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, ব্রাহ্মণবাড়িয়া সদর, ব্রাহ্মণবাড়িয়া-তাঁর উদ্ভাবনী উদ্যোগ “অ্যান্ড্রয়েড অ্যাপস্ এবং ইউটিউব চ্যানেলের মাধ্যমে মৎস্য সম্প্রসারণ সেবা প্রদান”-এর নলেজ উপস্থিত সকলে মধ্যে শেয়ার করেন।

বিবিধ আলোচনাঃ

১। নলেজ শেয়ারিং-এ উপস্থাপিত তথ্যাদির আলোকে সভাপতি মহোদয় তাঁকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন এবং জানান যে, মৎস্য সংক্রান্ত বিভিন্ন কার্যক্রম যেমনঃ “মা ইলিশ সংরক্ষণ অভিযান”, “জাটকা সংরক্ষণ অভিযান”-সহ অন্যান্য কার্যক্রমের তথ্যাদি ক্ষণে ক্ষণে জনসচেতনায় অন্তর্ভুক্ত করা হয় তাহলে চ্যানেলটি আরও কার্যকর হবে এবং মৎস্য অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রম পালনে সহায়তা হবে।

২। মন্ত্রণালয়ের ইনোভেশন অফিসার জনাব সুব্রত ভৌমিক, উপসচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় বলেন যে, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ওয়েবসাইট শুরুতেই ইংরেজি ভার্সনে দেখা যায়, ইহা শুরুতেই বাংলা ভার্সনে যাতে দেখা যায় যে বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য মন্ত্রণালয়ের সিস্টেম এনালিস্টকে জানান।

ইনোভেশন টীমের সভা ও নলেজ শেয়ারিং প্রোগ্রামের বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

সিদ্ধান্তঃ

১। সংশ্লিষ্ট সকলে ইনোভেশন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ নিয়মিত অবলোকন করবেন ও সেমোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

২। চুড়ান্ত উদ্যোগসমূহ ০৩-১১-২০২০ তারিখের মধ্যে মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে এবং চুড়ান্ত তালিকা সকল দপ্তর / সংস্থাকে প্রেরণ করতে হবে।

৩। মন্ত্রণালয়ের ওয়েবসাইট শুরুতেই যেন বাংলা ভার্সন দেখায় – সে বিষয়ে মন্ত্রণালয়ের সিস্টেম এনালিস্ট প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।

৪। ভালো ভালো উদ্ভাবনী উদ্যোগসমূহে অর্থ বরাদ্দ করতে হবে এবং যথাযথভাবে মনিটর করবে হবে।

৫। আগামী ইনোভেশন টীমের সভা ও নলেজ শেয়ারিং প্রোগ্রাম প্রাণিসম্পদ অধিদপ্তর আয়োজন করবে। .

৬। আওতাধীন দপ্তর / সংস্থার সমন্বয়ে অনুষ্ঠিতব্য আগামী ইনোভেশন সভায় বিএফআরআই-এর “কাপ্তাই লেকইনফো ইন বিএফআরআই” এপ্সের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার জন্য আগামী সভায় উপস্থাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভা ও নলেজ শেয়ারিং প্রোগ্রামের সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ তৌফিকুল আরিফ
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.১৫২.২০.০১১.১৮.১৪১

তারিখ: ১০ অগ্রহায়ণ ১৪২৭
২৫ নভেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) চেয়ারম্যান, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন
২) মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর
৩) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, মৎস্য অধিদপ্তর
৪) মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
৫) মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট
৬) উপপরিচালক, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর
৭) অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমি
৮) উপসচিব , প্রশাসন-৩ অধিশাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
৯) উপসচিব, মৎস্য-১ অধিশাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
১০) উপসচিব, প্রাণিসম্পদ পরিকল্পনা-২ শাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
১১) উপসচিব, প্রাণিসম্পদ-২ অধিশাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
১২) রেজিস্ট্রার, , বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা-১০০০।
১৩) সচিবের একান্ত সচিব , সচিবের দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
১৪) প্রোগ্রামার, আইসিটি সেল, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

মোঃ ইলিয়াস হোসেন
সিস্টেম এনালিস্ট